

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ ভূমি বিভাগ

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), ভূমি বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.২২৮.৯৯.০৮২.২৪ নথির বিষয়: ঢাকা ওয়াসার মালিকানাধীন শ্রীনগর থানার কোলাপাড়া ও ফুলকুচি মৌজাস্থ ২৬ একর (কম/বেশী) জমির নামজারীর জন্য পেন্টাগ্রাফ নক্সা প্রস্তুতকরন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: ঢাকা ওয়াসার মালিকানাধীন শ্রীনগর থানার কোলাপাড়া ও ফুলকুচি মৌজাস্থ ২৬ একর (কম/বেশী) জমির নামজারীর জন্য পেন্টাগ্রাফ নক্সা প্রস্তুতকরন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২/১২/২৪ ২:৩৯ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পদ্মা পানি শোধনাগার নির্মাণ প্রকল্পের আওতায় ০৬ টি এল.এ কেসের মাধ্যমে প্রায় ১০০.৭১৭৫ একর জমি অধিগ্রহণ করা হয়। ইতোমধ্যে পদ্মা পানি শোধনাগার নির্মাণ প্রকল্পের অধিগ্রহণকৃত জমির মধ্যে ৫৯.৫৬৪০ একর জমির নামজারী কাজ সম্পন্ন হয়েছে। ভূমি বিভাগের তত্ত্বাবধায়নে অধিগ্রহণকৃত জমি ঢাকা ওয়াসার অনুকূলে নামজারী করার কার্যক্রম চলমান রয়েছে।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২/১২/২৪ ২:৪৩ অপরাহ্ন

উল্লেখ্য এল এ কেস নং ০১/১৩-১৪ ও ০১/১৪-১৫ এর মাধ্যমে মুন্সিগঞ্জ জেলার শ্রীনগর থানাধীন কোলাপাড়া, ফুলকুচি মৌজায় ২৯ জমি অধিগ্রহণ করা হয়। চলতি অর্থবছর ২০২৪-২০২৫ এ শ্রীনগর থানার কোলাপাড়া ও ফুলকুচি মৌজাস্থ ২৬ একর (কম/বেশী) জমির নামজারীর জন্য সহকারী কমিশনার (ভূমি), উপজেলা ভূমি অফিস শ্রীনগর, মুন্সিগঞ্জ বরাবর আবেদন দায়ের করা হয়েছে (আবেদনের কপি সংযুক্ত)। উক্ত জমির নামজারী আবেদন শূনাগীতে সহকারী কমিশনার (ভূমি) অধিগ্রহণকৃত জমির মৌজা নক্সা ও অধিগ্রহণ নক্সার সমন্বয় পেন্টাগ্রাফ নক্সা দাখিলের জন্য মৌখিকভাবে অনুরোধ জানানো হয়। প্রস্তাবিত জমির নামজারী করার স্বার্থে ০২ (দুই) টি পেন্টাগ্রাফ নক্সা প্রয়োজন। পেন্টাগ্রাফ ০২ (দুই) টি প্রস্তুত বাবদ নিম্নলিখিত টাকার প্রয়োজন হবে-

(ক) পেন্টাগ্রাফ নক্সা ০২ X ৬,০০০ = ১২,০০০/- (বারো হাজার) টাকা মাত্র।

সংযুক্তিসমূহ (১):

১। সংযুক্তি-১ নামজারী আবেদন (ফুলকুচি ও কোলাপাড়া মৌজা).pdf

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২/১২/২৪ ২:৪৪ অপরাহ্ন

এমতাবস্থায়, ঢাকা ওয়াসার মালিকানাধীন শ্রীনগর থানার কোলাপাড়া ও ফুলকুচি মৌজাস্থ ২৬ একর (কম/বেশী) জমির নামজারীর স্বার্থে সহকারী কমিশনার (ভূমি), উপজেলা ভূমি অফিস শ্রীনগর, মুন্সিগঞ্জ এর চাহিত তথ্যাদি সরবরাহের লক্ষ্যে পেন্টাগ্রাফ নক্সা প্রস্তুত বাবদ মোট ১২,০০০/- (বারো) মাত্র ২০২৪-২৫ অর্থ বছরের “ভূমি রক্ষনাবেক্ষণ খাত” হতে উপ-সচিব ভূমি বিভাগ, ঢাকা ওয়াসার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসাবে প্রদান করা যায়। উল্লেখিত টাকা বিল-ভাউচার এর মাধ্যমে সমন্বয়ের জন্য হিসাব বিভাগে ভাউচার/মানিরিসিট প্রেরণ করা হবে। প্রস্তাব সদয় অনুমোদন দেয়া যায়। সবিনয়ে পেশ করা হলো।

২/১২/২৪ ২:৪৫ অপরাহ্ন
মোঃ সাইমুন ইসলাম
সার্ভেয়ার
ভূমি বিভাগ

২/১২/২৪ ৪:২৪ অপরাহ্ন
মোঃ খবির হোসেন
কানুনগো
ভূমি বিভাগ

২/১২/২৪ ৪:৩০ অপরাহ্ন
শামীম নাজিবা
উপ-সচিব
ভূমি বিভাগ


২/১২/২৪ ৪:৩০ অপরাহ্ন
মোঃ আক্তারুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৩/১২/২৪ ১১:২৮ পূর্বাহ্ন

approved



৩/১২/২৪ ১১:২৯ পূর্বাহ্ন
মোঃ আক্কাবুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ
ও প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ
ও প্রশাসন) এর দপ্তর



৩/১২/২৪ ১:৪০ অপরাহ্ন
শামীম নাজিবা
উপ-সচিব
ভূমি বিভাগ

৩/১২/২৪ ১:৪০ অপরাহ্ন
মোঃ সাইমুন ইসলাম
সার্ভেয়ার
ভূমি বিভাগ